

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪৩

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৯. মদ ক্রয়-বিক্রয়ের নিষেধাজ্ঞা

بَابِ النَّهْيِ عَنْ بَيْعِ الْخَمْرِ وَشِرَائِهَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِ يَعْنِي ابْنَ دِينَارِ عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ بَلَغَ عُمَرَ أَنَّ سَمُّرَةَ بَاعَ خَمْرًا فَقَالَ قَاتَلَ اللَّهُ سَمُّرَةَ أَمَا عَلِمَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَعَنَ اللَّهُ الْيَهُودَ حُرِّمَتْ عَلَيْهِمْ الشُّحُومُ فَجَمَلُوهَا فَبَاعُوهَا قَالَ سُفْيَانُ جَمَلُوهَا أَذَابُوهَا

বাংলা

২১৪৩. ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, উমর রাদিয়াল্লাহু আনহু-এর নিকট এই সংবাদ পৌছল যে, সামুরা রাদিয়াল্লাহু আনহু মদ বিক্রি করেছেন। তখন তিনি বললেন, আল্লাহ সামুরার সর্বনাশ করুক। সে কি জানে না যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ ইয়াহুদী জাতির উপর অভিশাপ দিয়েছেন। তাদের উপর চর্বি হারাম করা হয়েছিল। এরপর তারা তা গলিয়ে বিক্রি করে।[1]

সুফিয়ান বলেন, حَمَلُو هَا 'তা গলাতো' অর্থ: 'তরলে রুপান্তরিত করত'।

ফুটনোট

[1] তাহক্বীক্ন: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, বুয়ূ ২২২৩; মুসলিম, মুসাকাহ ১৫৮২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২০০; সহীহ ইবনু হিব্বান নং ৪৯৩৮, ৬২৫৩ ও মুসনাদুল হুমাইদী নং ১৩ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন